দৈনিক বাংলা

398

তারিখ ৭/৬/৮১

পৃষ্ঠা

125

# শ্বেতপত্র : শনিবার প্রকাশিত অংশের অবশিষ্টাংশ

(মরহুম প্রেসিডেন্ট জিয়ার হত্যা সম্পর্কিত শ্বেতপত্রের দ্বিতীয় অধ্যায়ের যে অংশ গতকাল শনিবার প্রকাশিত হয়েছে তার অবশিষ্টাংশ আজ প্রকাশিত হলো)।

**চূড়ান্ত পশ্চাদপসরণ**

৮১-র ১লা জুনের রাত প্রায় দেড়টা পর্যন্ত টেলিফোনে আলোচনা চলে। বিদ্রোহীদের বিনা শর্তে আত্মসমর্পণ করার নির্দেশ দিয়ে দৃঢ় ভূমিকা গ্রহণকারী সেনাবাহিনীর সদর দফতর মেজর জেনারেল মঞ্জুরকে সন্দেহাতীতভাবে একথা বুঝিয়ে দেয় যে সেনাবাহিনীর সদর দফতরের কাছে তার শর্তসমূহ গ্রহণযোগ্য করানো যাবে না। এখানে উল্লেখযোগ্য যে এর আগে তার ওপর পার্বত্য চট্টগ্রামে বিদ্রোহ দমন অভিযানের বিরাট দায়িত্ব ন্যস্ত করার পর বিভিন্ন সময়ে লোক ও সরঞ্জামের জন্যে তার বেশিরভাগ চাহিদাই সেনাবাহিনীর সদর দফতর থেকে পূরণ করা হয়েছে। তাছাড়া, এটি একটি সাধারণ রীতি যে স্বাভাবিকভাবেই একজন জেনারেল অফিসার কম্যান্ডিং সুনির্দিষ্ট কোন গুরুদায়িত্ব সম্পাদনের জন্যে আরও ওপরের হেডকোয়ার্টারের কাছ থেকে কিছুটা নিজের পছন্দমাফিক লোক প্রয়োজনীয় চাহিদা অনুযায়ী সরঞ্জাম তার ওপর অর্পিত সুনির্দিষ্ট ও চ্যালেঞ্জিং দায়িত্ব সাফল্যজনকভাবে সমাধা করতে চাইতে পারেন। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে মেজর জেনারেল মঞ্জুর নিজের হীন মতলব কার্যকর করতেই তার কম্যান্ডে ন্যস্ত সকল সম্পদ কাজে লাগান। এবং বিদ্রোহী নেতা যে মনের আড়ালে কুমতলব পোষণ করছেন তা পরবর্তীকালে ধরা পড়ে এবং সেনাবাহিনীর স্টাফ প্রধান ও বিভিন্ন গোয়েন্দা সংস্থা যথারীতি তা বারংবার মরহুম মহামান্য প্রেসিডেন্টের কাছে রিপোর্ট করেছেন। ৮১'র ১লা জুন রাত দুটোর দিকে সবাইকে নিজের অফিসে রেখে তিনি এই বলে ডিভিশনাল হেডকোয়ার্টার ত্যাগ করেন যে তিনি বাসায় যাচ্ছেন এবং তারপর আর অফিসে ফিরে আসেননি। বিদ্রোহের সময় এক পর্যায়ে ২৪ পদাতিক ডিভিশনের জেনারেল অফিসার কম্যান্ডিং তাঁর অফিসারদের কাছে মন্তব্য করেন, বিদ্রোহ ব্যর্থ হলে তিনি তাঁর আসনে থেকেই মরবেন। অদৃষ্টের পরিহাস, ৪৮ ঘন্টাও কাটেনি, তার আগেই তাঁর মন্তব্য প্রহসনের মতই মিথ্যা প্রমাণিত হয়েছে, কারণ অত্যন্ত অবমাননাকরভাবে নিজের অফিস ছেড়ে তিনি পালিয়ে গেছেন এবং আর কখনও ফেরেননি। এ ঘটনাগুলো যদি আমাদের জাতির ইতিহাসে স্বীকৃতি পায়, বিশেষ এই মন্তব্যটি একজন প্রচন্ড উচ্চাভিলাষী ও কাপুরুষসুলভ জেনারেলের আত্মম্ভরিতাপূর্ণ দর্বী হিসাবে পরিগণিত হবে।

(গতকাল প্রকাশিত শ্বেতপত্রের যে অংশে জেনারেল মঞ্জুর জওয়ানদের উদ্দেশে ভাষণ রয়েছে সেখানে এক স্থানে ভুলবশত জেনারেল অফিসার কম্যান্ডিংয়ের সমর্থনে প্রত্যাশিতভাবে হাত তোলেন, ছাপা হয়েছে প্রকৃতপক্ষে জেনারেল অফিসার কমান্ডিংয়ের সমর্থনে হাত তোলে না হবে)।

[ চলবে ]